জীবননগরে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

চুয়াডাঙ্গা-জীবননগরে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও শ্রেষ্ঠ সন্তান সম্মাননা প্রদান করা হয়েছে।

আজ শনিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটি ও ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে শাখারিয়া সীমান্ত ইউনিয়ন প্রবীন কেন্দ্রে এ পুরস্কার বিতরণ ও সম্মননা প্রদান করা হয়।

সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ ইসাবুল ইসলাম মিল্টনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে পুরস্কার ও সম্মননান তুলেদেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার মোঃ আব্দুল্লাহ আল মামুন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি মোঃ নাসির উদ্দিন মৃধা,জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু, সীমান্ত ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাজী আব্দুল মালেক মোল্লা, সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটির সমিতি শাজাহান আলী, সাধারন সম্পাদক মোঃ আজিজুল হক প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা মোঃ রবিউল ইসলাম বকুল হোসেন ও সাজ্জাদ হোসেন ।

চুয়াডাঙ্গায় ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

আনন্দ ঘন পরিবেশের মাধ্যমে সম্পূর্ণ হলো ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরুষ্কার বিতরণ অনুষ্ঠান।

বুধবার চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সভাপতি চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র ও চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ওবাইদুর রহমান চৌধুরীর সভাপতিত্বে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় তিনি বলেন, নতুন প্রজন্মকে দেশ ও জাতীয় চেতনার সাথে সম্পৃক্ত করতে তাদেরকে পরিপূর্ণভাবে ক্রীড়া ও সংস্কৃতি চেতনায় গড়ে তুলতে হবে। আমাদের তরুণরা খেলাধুলা ও সংস্কৃতি চর্চায় উৎকর্ষতা অর্জনের মাধ্যমেই আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হবার মতো বিজয় অর্জন করবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ আবু তারেক, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান সহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক সহ ছাত্র-ছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।

জাতীয় সঙ্গীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসব শুরু হয়। দলগত ডিসপ্লে পর বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক ইভেন্টের মধ্যে ছিল, চকলেট দৌড়, রিলে দৌড়, যেমন খুশি তেমন সাজো, স্কুলের শিক্ষক-শিক্ষিকা, অতিথি ও অভিভাবকদের জন্য বালিশ খেলা ও পুরুষ্কার বিতরণের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

দামুড়হুদায় ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলে ক্রীড়া প্রতিযোগিতা ও পুরুষ্কার

বিতরণ

দামুড়হুদায় ফাস্ট মাল্টি মিডিয়া মডেল স্কুলের আয়োজনে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে পতাকা উত্তোলনের মধ্য দিয়ে প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

জাতীয় পতাকা উত্তোলন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা এবং ক্রীড়া পতাকা উত্তোলন করেন দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ।

শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলের ধর্মীয় শিক্ষক ইউনুস আলী। দিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতা শেষে বিকেলে বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়।

ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলীর সভাপতিত্বে পুরুষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, লেখা পড়ার পাশাপাশি খেলাধুলার গুরুত্ব অপরিসীম। খেলার মাধ্যমে দেশকে বিশ্বের দরবারে তুলে ধরা যায়। এছাড়া খেলাধুলা শিশুদের শারিরীক গঠনের পাশাপাশি মেধার বিকাশ ঘটায়।

ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলের সিনিয়র শিক্ষক আরটিভির চুয়াডাঙ্গা প্রতিনিধি জহির রায়হান সোহাগের প্রাণবন্ত উপস্থাপনায় পুরুষ্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক প্রেসক্লাব সভাপতি এম. নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শিক্ষক মোমিনুল হক, ইউপি সদস্য নুরুল ইসলাম, শামসুল ইসলাম, জাহিদুল ইসলাম, ফারইস্ট লাইফ ইন্স্যুরেন্সের চুয়াডাঙ্গা জোনাল ম্যানেজার জাহাঙ্গীর আলম।

ফাস্ট মাল্টিমিডিয়া শিক্ষক আলী কামাল আশরাফুল হক সাইদুর রহমান সালাউদ্দিন এবি এম রাশেদুজ্জামান নাসিমা খাতুন আব্দুল খালেক আসাদুল হক সাফায়েত হোসেন ওমর ফারুক আনোয়ার হোসেন ও লিটন। আরো উপস্থিত ছিলেন স্কুলের শিক্ষক রাজু আহমেদ, হুজাইফা হোসেন, এম এম আসাদুজ্জামান, সাব্বির, সাদ্দাম হোসেন, হারুন-অর-রশিদ, ফয়সাল উদ্দিন, স্বপন আলী, শাকিল খান, ইউনুস আলী, শারমিন সুলতানা, সুবর্ণা সুলতানা দিতি, রত্না হোসেন যূথী, শারমিন আহমেদ দিয়া, নাজমা খাতুন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ফাস্ট মাল্টি মিডিয়া মডেল স্কুলের পরিচালক মাসুম বিল্লাহ। পুরুষ্কার বিতরণ শেষে সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও জাদু প্রদর্শণ করা হয়। জাদু প্রদর্শণ করেন দামুড়হুদার কৃতি সন্তান দেশ বরেন্য যাদু শিল্পী মোহাম্মদ আলী ওরফে জুনিয়র মন্টু। সঙ্গীত পরিবেশন করেন ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলের ছাত্র-ছাত্রী ও দামুড়হুদা শিল্পকলা একাডেমির শিল্পীবৃন্দ।

মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের মাঠে এ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

প্রথমে জাতীয় পতাকা উত্তোলন, মশাল প্রজ্জ্বলন এবং পরে প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিঙ্কন বিশ্বাস, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুজ্জামান। অন্যদের মধ্যে সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক খোরশেদা আলম, সহকারী প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, বজলুর রহমান,অবসরপ্রাপ্ত শিক্ষক আবুল কালাম আজাদ, সুশীল চক্রবর্তী, সিনিয়র শিক্ষক মোহাম্মদ সিদ্দিকুর রহমান,নাসির উদ্দিন, সহকারী শিক্ষক আব্দুস সালাম,ইমরান হোসেন, সাদ্দাম হুসাইন প্রমুখও উপস্থিত ছিলেন।